

বুদ্ধা বিহারী

- তানভীর মোকাম্মেল

(ভারত বিভাগের ৬০তম বার্ষিকী উপলক্ষে)

লিখেন সাম্বাদিক সাব আমি বিহারী

পাটনা জেলায় ক্ষেতি ছিল হামাদের
আব্বাজান রেলওয়ের গুমটিগার্ড
সোয়ামীও রেল লাইনম্যান
হামাদের চমন পুড়ে পতাকা নতুন হোল
যখন এলাম প্রথম পাকিস্তান মালগাড়ীতে দিন গুজরান
আজো কানে বাজে শান্টিং ইঞ্জিন
এ কলোনী ও কলোনী
কেটে গেল জিন্দেগীর দিন;

তারপর কী সব ঘটল মুলুকে বাঙ্গাল
সেবারে পুড়েছিল ঘর এবারে কপাল
স্বামী সান্তাহারে খুন হোল মেয়ে-জামাই ময়মনসিংয়ে
দিনাজপুরে ছেলেকে ডেকে নিল মিটিং বলে
ছত্রিশ বরস পার হোল সে মিটিং আজো শেষ হলো না!

লিখেন এনজিও আপা আমি বিহারী

মেজ ছেলে অনেক তকলিফ করে পালিয়েছে পাকিস্তান
আরেক মেয়েও করাচী ঔরঙ্গী টাউন
বাইশ বছর ওদের সুরত দেখি না
আর ছোট ছেলেটা গুলু
ভিসার অপেক্ষায়
দারু খায় আর কী কী যেন খায় যোয়ান ছেলেরা
ক্যাম্পে তো আসমান নেই ফেরেশতারা তাই দেখতে পান না!

লিখেন বিদেশী স্যার আমি বিহারী

কিৎনা জেনারেল আয়া গ্যায়া
লেকিন ম্যায় আজতী ইন্তেজারমে হুঁ

কব যায়েঙ্গে পাকিস্তান
ইয়া কবরিস্থান!

চোখে হামার ছানি এখন ভালো দেখি না
শুধু ইয়াদ হয় পাটনায় আমাদের ক্ষেতির কথা

আর ভালো লাগে ঝরঝর বর্ষা বাংলার
যেন তা সমান আমার কান্নার আর
রাতে খোয়াব দেখি পাকিস্তানের পাহাড়

লেকিন আপশোষ খোদাকা এতনা বড়া দুনিয়ায়
কোনো মুলুকেই মাকান নেই হামার;

ইয়ে সাম্বাদিক সাব, ইয়ে এনজিও আপা, ইয়ে বিদেশী স্যার
আপ জারা জিন্নাহ সাব সে পুঁছিয়ে না
মেরা ওয়াতান কিধার?

জ্বী, লিখ লিজিয়ে.... ম্যায় বিহারী হুঁ !

১০.০৯.২০০৭

= o =